কালের কণ্ঠ

তারিখ ০১ JUN 2016
পৃষ্ঠা ২ কলাম ৬

# স্কুলের নির্বাচনেও সহিংসতা, গুলিবিদ্ধ ৮

বাগেরহাট প্রতিনিধি ▷

বাগেরহাটের মোরেলগঞ্জ উপজেলায় একটি মাধ্যমিক বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটির নির্বাচনকে কেন্দ্র করে গুলিতে আটজন আহত হয়েছেন। গতকাল মঙ্গলবার সকালে উপজেলার পুটিখালী ইউনিয়নের সোনাখালী মহব্বত আলী মাধ্যমিক বিদ্যালয়ের সামনে এ ঘটনা ঘটে।

আটজনের মধ্যে তিনজনের নাম জানা গেছে। তাঁরা হলেন আবু হোসেন সিকদার (৩৩), আবু হানিফ সিকদার (৩৮) ও সোবাহান সিকদার। এ ব্যাপারে মামলা করার পর পুলিশ দুজনকে আটক করেছে।

মোরেলগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. মঈন উদ্দিন মোল্লা জানান, দুপুর সাড়ে ১২টার দিকে আবু হোসেন ও আবু হানিফ গুলিবিদ্ধ অবস্থায় হাসপাতালে ভর্তি হন। তাঁদের মাথা, হাত, পা ও বুকে গুলি লেগেছে। তাঁদের খুলনা মেডিক্যাল কলেজ হাসপাতালে পাঠানো হয়েছে।

মোরেলগঞ্জ থানার ওসি রাশেদুল আলম বলেন, সোনাখালী মহব্বত আলী মাধ্যমিক বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটির নির্বাচনকে কেন্দ্র করে সিকদার মাহবুবুর রহমান বন্দুক দিয়ে গুলি ছুড়লে অন্তত আট ব্যক্তি আহত হন। মাহবুব ও তাঁর ভাই মিজানুরকে আটক করা হয়েছে।

উল্লেখ্য, চলমান ইউনিয়ন পরিষদ নির্বাচনকে কেন্দ্র করে প্রায় প্রতিদিনই সহিংসতার ঘটনা ঘটছে।